



বাংলাদেশ নির্বাচন কমিশন  
জেলা নির্বাচন অফিসারের কার্যালয়  
মুন্সীগঞ্জ  
www.ecs.gov.bd

নং-১৭.০২.৫৯০০.০০০.৪০.০০১.২৪-২৪৯


তারিখ: ১৮/০৩/২০২৪খ্রি.

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশন সচিবালয়ের ০৯ মার্চ ২০২৪ খ্রি. তারিখের নং-১৭.০০.০০০০.০২৫.৪৪.০০৬.২৪-১৩৬ সংখ্যক পত্রের নির্দেশনা মোতাবেক ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষে মুন্সীগঞ্জ জেলাধীন ০৬টি উপজেলার (মুন্সীগঞ্জ সদর, টংগিবাড়ী, লৌহজং, সিরাজদিখান, শ্রীনগর ও গজারিয়া) খসড়া ভোটকেন্দ্রের তালিকা প্রকাশ করা হলো। খসড়া ভোটকেন্দ্রের তালিকা জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ এর কার্যালয়, জেলা নির্বাচন অফিসার, মুন্সীগঞ্জ এর কার্যালয়, সংশ্লিষ্ট উপজেলা পরিষদ কার্যালয়, সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, মুন্সীগঞ্জ পৌরসভা ও মিরকাদিম পৌরসভা কার্যালয় এবং সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর কার্যালয়সহ অন্যান্য গুরুত্বপূর্ণ স্থান সমূহে প্রকাশ করা হলো।

০২। খসড়া ভোটকেন্দ্রের তালিকার উপর নিম্নের সময়সূচি অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে। খসড়া ভোটকেন্দ্র সম্পর্কে কারও কোন দাবী/আপত্তি থাকলে স্থানীয় জনপ্রতিনিধি/এলাকার গণ্যমান্য ব্যক্তি/ভোটার (নিজ এলাকার ভোটারগণের নাম, ভোটার নম্বর ও স্বাক্ষরসহ) সুস্পষ্ট ব্যাখ্যাসহ ০২ (দুই) প্রস্থ আবেদন আগামী ২১/০৩/২০২৪ (বৃহস্পতিবার) তারিখ বিকাল ৩:৩০ ঘটিকার মধ্যে জেলা নির্বাচন অফিসার, মুন্সীগঞ্জ এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

ক্র: নং	কার্যক্রম	সময়সূচি	মন্তব্য
১	খসড়া ভোটকেন্দ্রের তালিকা প্রকাশ	১৮ মার্চ ২০২৪ (সোমবার)	
২	খসড়া ভোটকেন্দ্রের তালিকার উপর দাবী/আপত্তি গ্রহণের শেষ তারিখ	২১ মার্চ ২০২৪ (বৃহস্পতিবার)	
৩	প্রাপ্ত দাবী/আপত্তির নিষ্পত্তির শেষ তারিখ	২৪ মার্চ ২০২৪ (রবিবার)	
৪	প্রাথমিক ভোটকেন্দ্রের তালিকা প্রস্তুতকরণ/প্রকাশ/চূড়ান্তকরণ	২৫ মার্চ ২০২৪ (সোমবার)	


  
(মোহাম্মদ বশির আহমেদ)  
জেলা নির্বাচন অফিসার  
মুন্সীগঞ্জ  
ফোন : ০২-৯৯৭৭৩৩২২৬

নং-১৭.০২.৫৯০০.০০০.৪০.০০১.২৪-২৪৯

তারিখ: ১৮/০৩/২০২৪খ্রি.

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ ও আহবায়ক, জেলা ভোটকেন্দ্র স্থাপন কমিটি-২০২৪
- ৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৫। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), মুন্সীগঞ্জ।
- ৭। জেলা তথ্য অফিসার, মুন্সীগঞ্জ। (এ বিষয়ে ব্যাপক প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ৮। উপজেলা নির্বাচন অফিসার, (সকল), মুন্সীগঞ্জ। (খসড়া ভোটকেন্দ্রের তালিকা নির্ধারিত সময়ের জন্য তাঁর কার্যালয়ে প্রদর্শন এবং উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ কার্যালয়ে প্রদর্শনের নিমিত্ত প্রেরণ ও ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ৯। সচিব,..... মুন্সীগঞ্জ/মিরকাদিম পৌরসভা, মুন্সীগঞ্জ।
- ১০। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, মুন্সীগঞ্জ।
- ১১। সচিব,..... ইউনিয়ন পরিষদ (সকল), মুন্সীগঞ্জ।
- ১২। নোটিশ বোর্ড।

  
জেলা নির্বাচন অফিসার  
মুন্সীগঞ্জ